# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 23-07-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের ওপর নিগ্রহের অভিযোগ নিয়ে আলোচনা করতে রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে।

২) বাংলাদেশের অনুপ্রবেশকারীরা এরাজ্যে পরিযায়ী শ্রমিকদের অধিকার কেড়ে নিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩) মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ওপর রাজ্য সরকারের নিয়ন্ত্রণ অবশ্যম্ভাবী বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মন্তব্য করেছেন।

৪) আমাদের পাড়া আমাদের সমাধান প্রকল্পের পাশাপাশি দুয়ারে সরকার কর্মসূচীও চলবে বলে জানিয়েছে রাজ্য সরকার।

৫) নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে পাচারের আগে ৫৬ জন যুবতীকে উদ্ধার করেছে নিউ জলপাইগুড়ি জিআরপি এবং আরপিএফ।

৬) ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবল আজ কলকাতায় শুরু হয়েছে। প্রথম ম্যাচে ৫-০ গোলে জয়ী ইস্টবেঙ্গল।

---

বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের উপরে নিগ্রহের অভিযোগ নিয়ে আলোচনা করতে রাজ্য বিধানসভার বিশেষ অধিবেশন ডাকা হচ্ছে। আগামী ৮ আগস্ট থেকে ২১ আগস্ট

পর্যন্ত বিধানসভার ওই বিশেষ অধিবেশন চলতে পারে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গিয়েছে। পরিযায়ী শ্রমিক সংক্রান্ত প্রস্তাব ছাড়াও চারটি গুরুত্বপূর্ণ বিল ওই অধিবেশনে পেশ করা হতে পারে। পরিষদীয় দপ্তর এবং আইন দপ্তরের মধ্যে এই বিষয় নিয়ে আলোচনা চলছে। বিলগুলির খসড়া চূড়ান্ত হলে স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় আনুষ্ঠানিকভাবে অধিবেশনের ঘোষণা করবেন।

--------------------

বাংলাদেশে অনুপ্রবেশকারীরা এরাজ্যের পরিযায়ী শ্রমিকদের অধিকার কেড়ে নিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি তথা রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য দিল্লীতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, অনুপ্রবেশকারীরা কোনো ভারতীয়ের অধিকার কেড়ে নেবে, বিজেপি তা হতে দেবেনা। বিভিন্ন রাজ্যে ভারতীয় বাঙালীরাই অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে দিচ্ছে অথচ পশ্চিমবঙ্গ থেকে বাংলাদেশীদের ভুয়ো আধার ও ভোটারকার্ড তৈরি করে দেওয়া হচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

বাইট

--------------------

যুক্তরাষ্ট্রীয় কাঠামোকে অগ্রাহ্য করে বিজেপি দেশের বৈচিত্র্য নষ্ট করতে চাইছে বলে সিপিআইএম অভিযোগ করেছে। দেশের বিভিন্ন প্রান্তে এরাজ্যের শ্রমিকদের হেনস্থা, তাদের অবৈধ অনুপ্রবেশকারী বলে চিহ্নিত করার প্রতিবাদে সিপিআইএম, সিপিআই সহ বেশ কয়েকটি বামপন্থী দল আজ কলকাতায় মিছিল করে। ধর্মতলা থেকে রামলীলা পার্ক পর্যন্ত মিছিলে অংশ নিয়ে সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, দেশের নাগরিক যে কোনো রাজ্যে স্বাধীনভাবে বসবাস করতে পারেন। তা সত্ত্বেও বিভিন্ন রাজ্যে

বাঙালীরা আক্রান্ত হচ্ছেন। পাশাপাশি রাজ্য সরকারের ভূমিকারও তীব্র সমালোচনা করেন তিনি। মহম্মদ সেলিম বলেন, যেসব রাজ্যে পরিযায়ী শ্রমিকরা আক্রান্ত হচ্ছেন, সেখানে রাজ্য সরকার যোগোযাগ করছে না।

তৃণমূল কংগ্রেস রাজ্যে যে ভাষা আন্দোলনের কথা বলেছেন, তারও কড়া সমালোচনা করেছেন তিনি।

--------------------

হরিয়ানা বা অন্য কোনো রাজ্যের পুলিশ এরাজ্যের পরিযায়ী শ্রমিকদের সম্পর্কে তথ্য চাইলে সেই তথ্য সংশ্লিষ্ট রাজ্যগুলিকে জানাতে সমস্যা কোথায় এই প্রশ্ন তুলেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

বাইট

--------------------

ওড়িশায় এরাজ্যের কোনো পরিযায়ী শ্রমিককে গ্রেপ্তার করা হয়নি, শুধুমাত্র সন্দেহ নিরসনেই নথিপত্র যাচাই করা হয়েছিল বলে সে রাজ্যের অ্যাডভোকেট জেনারেল আজ কলকাতা হাইকোর্টে জানিয়েছেন। বাঙালী এবং পশ্চিমবঙ্গের প্রতি ওড়িশা সরকারের কোনো বিদ্বেষমূলক দৃষ্টিভঙ্গী নেই বলেও তিনি বিচারপতি তপব্রত চক্রবর্তীর ডিভিশন বেঞ্চে জানিয়েছেন। সওয়াল জবাব শেষে ডিভিশন বেঞ্চ আগামী তিন সপ্তাহের মধ্যে হলফনামা জমা দিয়ে তাদের বক্তব্য জানাতে ওড়িশা সরকারকে নির্দেশ দিয়েছে। আগামী ২৯ শে আগস্ট মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, ওড়িশায় পশ্চিমবঙ্গের বেশ কয়েকজন পরিযায়ী শ্রমিককে আটক করার অভিযোগ উঠেছিল। এদের পরিবাররে লোকেরাই আদালতের দ্বারস্থ হন।

--------------------

মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের উপর রাজ্য সরকারের নিয়ন্ত্রণ অবশ্যম্ভাবী বলে রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মনে করেন। সাংবাদিকের প্রশ্নের উত্তরে আজ তিনি জানান, ওই দপ্তরের কর্মীদের রাজ্য সরকার নিয়োগ করে। রাজ্য সরকারের অর্থ দপ্তর তাঁদের বেতন দেয়। অথচ ওই দপ্তরের উপর রাজ্যের কোনও নিয়ন্ত্রণ থাকবে না—তা হতে পারে না।

(বাইট-বিমান)

উল্লেখ্য, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে রাজ্য সরকারের প্রশাসনিক ও আর্থিক নিয়ন্ত্রণ থেকে মুক্ত রাখতে নির্বাচন কমিশন, তাকে 'সম্পূর্ণ স্বতন্ত্র' করে গড়ে তোলার নির্দেশ দিয়েছে। গত ১৭ জুলাই এব্যাপারে মুখ্যসচিব মনোজ পন্থকে লেখা এক চিঠিতে একথা জানানো হয়েছে।

উল্লেখ্য, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল, বর্তমানে রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব পদে রয়েছেন। ফলে দফতরটি অর্থনৈতিক ও প্রশাসনিক দিক থেকে রাজ্য সরকারের উপর নির্ভরশীল। নির্বাচন কমিশনের পর্যবেক্ষণ, এতে সাংবিধানিক নিরপেক্ষতা বিঘ্নিত হওয়ার আশঙ্কা তৈরি হচ্ছে। চিঠিতে নির্বাচন কমিশন জানিয়েছে, মুখ্য নির্বাচনী আধিকারিকের অধীনে আলাদা দফতর গঠন করতে হবে। তৈরি করতে হবে স্বতন্ত্র বাজেট হেড।

--------------------

বুথ লেভেল অফিসার বা বিএলও-র কাজের জন্য কর্মীদের তুলে নেওয়া হলে দৈনন্দিন কাজকর্ম ব্যাহত হবে উল্লেখ করে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছে মধ্য শিক্ষা পর্ষদ। শীর্ষ আদালতের নির্দেশে ৩১ শে ডিসেম্বরের মধ্যে এসএসসি

পরীক্ষায় নিয়োগপ্রাপ্তদের অ্যাপয়েন্টমেন্ট লেটার দেওয়ার পাশাপাশি দোসরা ফেব্রুয়ারি থেকে শুরু হতে চলা মাধ্যমিক পরীক্ষার চাপরে কথা চিঠিতে জানিয়েছে পর্ষদ। তাই কর্মীদের ভোটের কাজ থেকে অব্যাহতি দেওয়ারও আবেদন জানানো হয়েছে।

--------------------

কেন্দ্রীয় সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের PLFS রিপোর্টে দেশের বেকারত্ব ৪.৯ শতাংশে নেমে আসার দাবি বিভ্রান্তিকর বলে মুখ্যমন্ত্রীর প্রধান আর্থিক উপদেষ্টা ড. অমিত মিত্র দাবি করেছেন। আজ এক্স হ্যান্ডেলে পোস্ট করে তিনি বলেন, সরকারি বেকারত্বের সংজ্ঞাই ত্রুটিপূর্ণ। এক ঘণ্টার আর্থিক কার্যকলাপে যুক্ত থাকলেই একজনকে কর্মরত হিসেবে চিহ্নিত করা হচ্ছে। এমনকি পরিবারে বিনা পারিশ্রমিকে কাজ করা সদস্যরাও সরকারি হিসেব অনুযায়ী কর্মরত। ফলে তারা বেকার তালিকা থেকে বাদ পড়ছেন। ড. মিত্র বলেন, এই পরিসংখ্যানের মাধ্যমে দেশজুড়ে প্রকৃত বেকারত্বের সমস্যাকে ঢেকে দেওয়া হচ্ছে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৭ তারিখ আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৪-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে

ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে এমাসের ২৫ তারিখ পর্যন্ত মতামত জানানো যাবে।

--------------------

'আমাদের পাড়া, আমাদের সমাধান' প্রকল্পের পাশাপাশি "দুয়ারে সরকার "কর্মসূচিও চলবে বলে রাজ্য সরকার জানিয়েছে। সঙ্গে থাকবে "পাড়ায় সমাধান কর্মসূচীও । আজ সব জেলাশাসকদের সঙ্গে এই দুটি বিষয় নিয়ে বৈঠক করলেন মুখ্যসচিব মনোজ পন্থ। ভার্চুয়ালি এই বৈঠকে উত্তর ও দক্ষিণবঙ্গের সব জেলাশাসক উপস্থিত ছিলেন। মুখ্যসচিব কীভাবে এই কর্মসূচি সুষ্ঠভাবে সম্পন্ন করা যায় সে বিষয়ে রূপরেখা তৈরি করে দিয়েছেন। আমাদের পাড়া আমাদের সমাধান –এর পাশাপাশি দু' মাস ধরে চলবে দুয়ারে সরকার কর্মসূচিও। 'আমাদের পাড়া, আমাদের সমাধান' সভায় উপস্থিত থাকবেন জেলাস্তরে আধিকারিক, বিডিও, স্থানীয় প্রশাসন এবং এলাকার নির্বাচিত জনপ্রতিনিধিরা। এলাকার সমস্যার সমাধান করা হবে। পাশাপাশি কোনও পরিবার সরকারি পরিষেবা থেকে বঞ্চিত হলে, আলো, জল সহ অনান্য সুবিধা পেতে অসুবিধা হলে, সেই সমস্যা মেটা বে "পাড়ায় সমাধান" ।

--------------------

নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে পাচারের আগে ৫৬ জন যুবতীকে উদ্ধার করেছে নিউ জলপাইগুড়ি জিআরপি এবং আরপিএফ। জানা গেছে, পাটনা গামী ক্যাপিটাল এক্সপ্রেস থেকে ঐ যুবতীদের উদ্ধার করা হয়। শিলিগুড়ির ঠাকুরনগরে ড্রাগ এডুকেশন অ্যান্ড চ্যারিটেবল সোসাইটি নামের একটি প্রশিক্ষণ কেন্দ্রের আড়ালে নারী পাচার চক্র চালানো হত বলে অভিযোগ। ঘটনায় জড়িত থাকার অভিযোগে চন্দ্রিমা কর এবং জিতেন্দ্র কুমার পাসোয়ান নামে দুজনকে গ্রেপ্তার করেছে জিআরপি। ধৃত জিতেন্দ্রকে

সঙ্গে নিয়ে গতকাল ঠাকুরনগরের ঐ ইনস্টিটিউট ও হোস্টেলে হানা দেয় পুলিশ। বিভিন্ন ঘর থেকে প্যাকেট বন্দী অবস্থায় গুরুত্বপূর্ণ নথিপত্র উদ্ধার হয়েছে। ভিন রাজ্যে চাকরি দেওয়ার নাম করে ঐ মেয়েদের পাচার করা হচ্ছিব বলে মনে করছে পুলিশ।

--------------------

সুপ্রিম কোর্টের রায়ে হারানো চাকরীতে সসম্মানে পুনর্বহালের দাবী নিয়ে আজ থেকে নতুন দিল্লিতে ধর্নায় বসছে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চ। দিল্লির রামলীলা ময়দানে গৃহীত এই কর্মসূচী আগামীকাল'ও চলবে।

মঞ্চের রাজ্য কোর কমিটির সদস্য রাকেশ আলম জানিয়েছেন, গতকাল'ও চাকরীহারা শিক্ষকদের একাংশ দিল্লি পৌঁছেছেন। তাঁরাও বিক্ষোভ কর্মসূচীতে অংশ নেবেন। মঞ্চের আহ্বায়ক মেহেবুব মন্ডল বলেন, এই মুহূর্তে সংসদে বাদল অধিবেশন চলছে। বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের কাছে তাঁদের সমস্যার কথা তুলে ধরা হয়েছে।

আগামী শুক্রবার নাগরিক সমাজ, শিক্ষক, অধ্যাপক এবং সাহিত্য ও সংস্কৃতি জগতের প্রতিনিধিদের নিয়ে গণ কনভেনশনের'ও ডাক দেওয়া হয়েছে।

--------------------

আজ জাতীয় সম্প্রচার দিবস। উন্নয়ন, শিক্ষামূলক প্রচার এবং দেশের সংস্তৃতি সংরক্ষণে সম্প্রচারের গুরুত্বকে তুলে ধরতেই আজকের দিনটি পালিত হয়। ১৯২৭ সালে এই দিনেই Indian Broadcasting Company তদানীন্তন বোম্বে স্টেশন থেকে দেশের  প্রথম বেতার সম্প্রচার শুরু করে। ১৯৩৬ সালের ৮ জুন, ইন্ডিয়ান স্টেট ব্রডকাস্টিং সার্ভিসের নাম পরিবর্তন করে অল ইন্ডিয়া রেডিও রাখা হয়।  এর নাম হয়

আকাশবাণী। দেশের স্বাধীনতা সংগ্রামের সময়, তথ্য প্রচার এবং জাতীয় ঐক্য গড়ে তোলার ক্ষেত্রে বেতার একটি শক্তিশালী হাতিয়ার হয়ে উঠেছিল।

-------------------

আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন  নাট্য ব্যক্তিত্ব রতন থিয়াম  প্রয়াত। বয়স হয়েছিল ৭৭ বছর। থিয়েটার অফ রুটস আন্দোলনের অন্যতম পথিকৃত রতন থিয়ামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। ঐতিহ্য ও পরীক্ষা নিরীক্ষার এক অনন্য সঙ্গম ঘটিয়ে নাট্য শিল্পকে তিনি সমৃদ্ধি করেছিলেন বলে এক বার্তায় মুখ্যমন্ত্রী জানিয়েছেন। তিনি প্রয়াত শিল্পীর পরিবার, বন্ধুবান্ধবের প্রতিও সমবেদনা জানিয়েছেন।

-------------------

উত্তর বঙ্গোপসাগরে আগামী ২৪ ঘণ্টার মধ্যে একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হওয়ার সম্ভাবনা রয়েছে। এরাজ্যের দিঘা হয়ে দক্ষিণ-পূর্ব এবং পূর্ব মধ্য বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে মৌসুমী অক্ষরেখা। আগামীকাল থেকে অন্তত পাঁচ দিন দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ বাড়বে বলে সোমনাথ দত্ত জানিয়েছেন।

বাইট

আজ পুরুলিয়া বাঁকুড়া বীরভূম পূর্ব পশ্চিম মেদিনীপুর ঝাড়গ্রাম পূর্ব বর্ধমান এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় হলুদ সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুর জেলার জন্য রয়েছে কমলা সর্তকতা।

-------------------

১৩৪ তম ডুরাণ্ড কাপ ফুটবল আজ কলকাতায় শুরু হয়েছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে প্রথম ম্যাচে ইস্টবেঙ্গল ৫ - ০ গোলে সাউথ ইউনাইটেড এফসি কে হারিয়ে দিয়েছে। বিরতিতে ইস্টবেঙ্গল ২ - ০ গোলে এগিয়ে ছিল। বিজয়ী দলের পক্ষে লালচুংনআঙ্গা,

সাউল ক্রেসপো, বিপিন সিং, দিয়ামন্তাকোস এবং মহেশ নাওরেম একটি করে গোল করেছেন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ফুটবলে শট মেরে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেনাবাহিনীর হেলিকপ্টারে এয়ার শো, গোর্খা রেজিমেন্টের কুকরি শো, মার্শাল আর্টের প্রদর্শন দর্শকদের নজর কেড়েছিল। গ্রুপ এ তে ইস্টবেঙ্গল পরবর্তী ম্যাচে আগামী ৬ই আগস্ট যাদবপুরের কিশোর ভারতী স্টেডিয়ামে নামধারী এফসির বিরুদ্ধে খেলবে।

------------------- -------------------